# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**25-04-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রথম দফার ভোটের স্ক্রুটিনি শেষে ভোটদানের চূড়ান্ত হিসেবে রাজ্যে ভোট পড়েছে ৯৩ দশমিক এক নয় শতাংশ। স্বাধীনতার পর যা সর্বোচ্চ।

২) প্রথম দফা নির্বাচনের মতই রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা ভোটকে অবাধ ও শান্তিপূর্ণ রাখতে নির্বাচন কমিশন নজিরবিহীন নিরাপত্তা ব্যবস্থা করছে। নজরদারিতে ওড়ানো হবে ড্রোণ।

৩) রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা নির্বাচনের জন্য জোরাদর প্রচারাভিযান চলছে।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে দেশ-বিদেশের মানুষের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন।

৫) বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যজুড়ে ঝড় বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর।

oooooooooooooooooooooo

প্রথম দফার ভোটের স্ক্রুটিনি শেষে ভোটদানের হার আরও কিছুটা বেড়েছে। চূড়ান্ত হিসেবে রাজ্যে ভোট পড়েছে ৯৩.১৯ শতাংশ—স্বাধীনতার পর যা সর্বোচ্চ বলে

জানিয়েছে নির্বাচন কমিশন। জেলা ভিত্তিক হিসাবে কোচবিহারে সর্বাধিক ৯৬ দশমিক ২ শতাংশ ভোট পড়েছে। দক্ষিণ দিনাজপুরে ৯৫ দশমিক ৪৪ শতাংশ এবং মালদায় ৯৪ দশমিক ৭৯ শতাংশ ভোটদানের হার রেকর্ড করা হয়েছে।

দক্ষিণবঙ্গে পূর্ব মেদিনীপুরে ৯২.৭৫ শতাংশ, পশ্চিম মেদিনীপুরে ৯২.১৯ শতাংশ এবং ঝাড়গ্রামে ৯২.২৬ শতাংশ ভোট পড়েছে। পশ্চিম বর্ধমানে তুলনামূলক কম, ৯০.৩২ শতাংশ ভোট পড়েছে। এই দফায় মোট ভোটার ছিলেন ৩ কোটি ৬০ লক্ষ ৭৭ হাজার ৩০৪ জন। তাঁদের মধ্যে ভোট দিয়েছেন ৩ কোটি ৩৬ লক্ষ ২২ হাজার ১৬৮ জন।

oooooooooooooooooooooo

প্রথম দফা নির্বাচনের মতই রাজ্যে দ্বিতীয় দফার বিধানসভা ভোটকে অবাধ ও শান্তিপূর্ণ রাখতে নির্বাচন কমিশন নজিরবিহীন নিরাপত্তা ব্যবস্থা করছে। এই দফায় মোট ২ হাজার ৩২১ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে। থাকছেন ১৪২ জন সাধারণ পর্যবেক্ষক, ৯৫ জন পুলিশ পর্যবেক্ষক এবং ১০০ জন আয়-ব্যয় হিসাব পর্যবেক্ষক।

এছাড়াও অশান্তিপ্রবণ এলাকাগুলিতে ড্রোণ ক্যামেরার মাধ্যমে নজরদারি পরিকল্পনা করেছে নির্বাচন কমিশন। প্রথম দফার ভোটে নজরদারি বাড়াতে কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের বডি ক্যামেরা দেওয়া হয়েছিল। দ্বিতীয় দফায় আরও বেশি সংখ্যক বডি ক্যামেরা থাকবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে।

দ্বিতীয় দফার ভোটে কলকাতা পুলিশের অধীনে সর্বাধিক ২৭৩ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে। এছাড়া পুলিশ জেলা ভিত্তিক বাহিনী মোতায়েনও চূড়ান্ত করেছে কমিশন। উত্তর ২৪ পরগনা ও দক্ষিণ ২৪ পরগনার একাধিক অশান্তি প্রবণ এলাকায় তুলনামূলক বেশি বাহিনী রাখা হয়েছে। বারাসাত পুলিশ জেলায় মোতায়েন করা হচ্ছে ১১২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। বনগাঁ পুলিশ জেলায় ৬২ কোম্পানি, বসিরহাটে ১২৩ কোম্পানি। সুন্দরবন পুলিশ জেলায় ১১৩

কোম্পানি, বারুইপুরে ১৬১ কোম্পানি এবং ডায়মন্ড হারবার পুলিশ জেলায় ১৩৫ কোম্পানি বাহিনী রাখা হয়েছে।

উল্লেখ্য প্রথম দফার ভোটে মোট ২৪০৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছিল।

oooooooooooooooooooooo

দ্বিতীয় দফার ভোটের আগে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, আজ আরামবাগ, বনগাঁ, ব্যারাকপুর হয়ে সন্দেশখালি পর্যন্ত সরেজমিনে পরিদর্শন শুরু করেছেন। বিশেষ পর্যবেক্ষক সুব্রত গুপ্ত এবং বিশেষ পুলিশ পর্যবেক্ষক এন কে মিশ্র তাঁর সঙ্গে রয়েছেন। আজ আরামবাগে বিভিন্ন থানার ওসি-দের সঙ্গে বৈঠক করেন তারা। বৈঠকে বর্তমান আইন-শৃঙ্খলা পরিস্থিতি খতিয়ে দেখার পাশাপাশি বুথ স্তরে নিরাপত্তা সুনিশ্চিত করতে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়। এরপর মুখ্য নির্বাচনী আধিকারিক বনগাঁ-তে একটি সর্ব দলীয় বৈঠক করেন। সাংবদিকদের তিনি বলেন, দ্বিতীয় দফার জন্য অতিরিক্ত পর্যবেক্ষক নিয়োগ করছে কমিশন।

(বাইট – আগরওয়াল)

oooooooooooooooooooooo

রাজ্যে দ্বিতীয় দফা বিধানসভা নির্বাচনের জন্য প্রচারাভিযান এখন তুঙ্গে। বিভিন্ন দলের তারকা প্রচারকরা মিটিং মিছিল ও জনসভার মাধ্যমে ভোটারদের মন জয়ে সবরকম চেষ্টা চালাচ্ছেন।

বরিষ্ঠ বিজেপি নেতা, নরেন্দ্র মোদী আগামীকাল রাজ্যে জনসভা করবেন। উত্তর ২৪ পরগনার বনগাঁর ঠাকুরনগরে দলীয় প্রার্থীদের সমর্থনে পরিবর্তন সংকল্প সভায় বক্তব্য রাখবেন তিনি।

দলের অপর বরিষ্ঠ নেতা অমিত শাহ আজ পূর্ব বর্ধমানের জামালপুরে বলেন, ক্ষমতায় এলে BJP রাজ্যে অভিন্ন দেওয়ানি বিধি কার্যকর করার পাশাপাশি সপ্তম বেতন কমিশন চালু করবে। তিনি বলেন, বাংলায় কোনোভাবেই বাবরি মসজিদ তৈরি করতে দেওয়া হবে না। মতুয়া সমাজের পাশে তাঁর দল সর্বদা রয়েছে বলেও তিনি জানান। শ্রী শাহ আরও বলেন, বিজেপি ক্ষমতায় এলে পশ্চিমবঙ্গে সরকারি বাসে মহিলারা বিনা মূল্যে যাতায়াত করতে পারবেন।

(BYTE – অমিত শাহ্)

শ্রী শাহ্ আজ হাওড়ার শ্যামপুরে জনসভায় বক্তব্য রাখেন। তিনি রামরাজাতলায় একটি রোডশো-তে অংশ নেন। এরপর সন্ধ্যায় টালিগঞ্জ বিধানসভার রানিকুঠী মোড় থেকে যুবসংঘ মাঠ পর্যন্ত রোডশো-তেও অংশ নেবেন।

হুগলীর গোঘাট এবং আরামবাগের জনসভায় বিজেপি নেতা, রাজনাথ সিং জানান, বিজেপি সরকার ক্ষমতায় এলে রাজ্যে মহিলাদের ৩ হাজার টাকা করে সহায়তা দেওয়া হবে। সমস্ত সরকারী শূন্যপদও পূরণ করা হবে। তিনি অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেস সরকারের স্লোগান মা মাটি, মানুষ হলেও মা, মাটি বা মানুষ কেউই নিরাপদ নয়। গোঘাটে একটি রোড শো-তেও যোগ দেন তিনি।

বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা পূর্ব বর্ধমানে রায়নায় এবং দলের সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন উত্তর ২৪ পরগণার বরানগরে রোড শো করেন।

দলের নেতা, উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ উত্তর ২৪ পরগণার বাগদায় এক জনসভায় বলেন, ভারতের স্বাধীনতা সংগ্রামের প্রথম স্ফুলিঙ্গ এই বাংলার ব্যারাকপুর থেকেই উঠেছিলো।

এই বাংলাই জাতীয় সঙ্গীত এবং জাতীয় স্তোত্র দেশকে উপহার দিয়েছে। আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা আজ আরামবাগে এক রোড শোয়ে অংশ নেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ ভবানীপুরে বাড়ি বাড়ি জনসংযোগ কর্মসূচীতে অংশ নিচ্ছেন। তিনি কলকাতা বন্দরে দলীয় প্রার্থীর সমর্থনে রোডশো করেন তিনি।

এদিকে, হুগলীর উত্তরপাড়ায় এক সভায় তৃনমূল কংগ্রেস নেত্রী, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেন, এসআইআর-এ লক্ষ লক্ষ নাম বাদ দেওয়া হলেও তিনি সুপ্রিম কোর্টে লড়াই করে ৩২ লক্ষ লোকের নাম ভোটার তালিকায় ফিরিয়ে এনেছেন। এসআইআর নিয়ে বাকিদেরও চিন্তার কোনো কারণ নেই বলে তিনি ফের জানান। উত্তর ২৪ পরগণার বিরাটিতে একটি রোড শোতে অংশ নেন মুখ্যমন্ত্রী। এরপর তিনি নিজের কেন্দ্র ভবানীপুরে পদযাত্রায় অংশ নেন।

(বাইট – মমতা)

উত্তর ২৪ পরগণার বসিরহাটে এক জনসভায় তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, কেন্দ্র, রাজ্যের উন্নয়নের জন্য বরাদ্দ টাকা আটকে রেখেছে। তা সত্ত্বেও রাজ্য নিজেদের উদ্যোগে জল জীবন মিশনের মতো বহু প্রকল্প রূপায়নের চেষ্টা করছে।

লোকসভার বিরোধী দলনেতা, কংগ্রেসের রাহুল গান্ধী হুগলীর শ্রীরামপুরে বলেন, ২৪ ঘণ্টার তিনি আরএসএস এবং বিজেপির বিরুদ্ধে লড়াই করছেন। নরেন্দ্রম মোদী এবং মমতা ব্যানার্জী – দু-জনই দুর্নীতি গ্রস্ত বলে মন্তব্য করেছেন তিনি।

(বাইট – রাহুল)

কলকাতার শহীদ মিনার ও মেটিয়াবুরুজে একটি জনসভাতেও ভাষণ দেন  রাহুল গান্ধী।

সিপিআই(এম)-এর সাধারণ সম্পাদক এম এ বেবি এবং নেত্রী বৃন্দা কারাত আজ সন্ধে বেহালা পূর্ব ও পশ্চিমে দলীয় প্রার্থীদের সমর্থনে একটি মিছিলে অংশ নেবেন। বিকেল চারটেয় হাওড়ার আমতা, উলুবেড়িয়া উত্তর ও উদয়নারায়ণপুর কেন্দ্রে দলীয়

প্রার্থীদের সমর্থনে একটি জনসভায় অংশ নেবেন দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম।

oooooooooooooooooooooo

হাওড়া রেল স্টেশনে উন্নয়নে মূলত তাঁরই ভূমিকা ছিল বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে দাবি করেছেন, বিজেপি তাকে খারিজ করেছে। দলের তরফে মুখপাত্র দেবজিৎ সরকার বলেন, পূর্ব রেলের দীর্ঘ মেয়াদী প্রাতিষ্ঠানিক পরিকল্পনার ফসল হলো এই উন্নয়ন। কেন্দ্রীয় সরকার এক্ষেত্রে উপযুক্ত অর্থ সহায়তা দিয়েছে। কাজেই কোন একজন ব্যক্তি এই উন্নয়নের সাফল্যের দাবি করতে পারে না। মমতা ব্যানার্জীর হাত ধরে বাস্তবে রেলের অবনতি হয়েছে বলে তিনি দাবি করেন।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৩-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooo

দক্ষিণ চব্বিশ পরগণার সন্তোষপুরে পূর্ব রেলের শিয়ালদহ বজবজ শাখায় রেল লাইনের ধারে ঝুপড়িতে আজ দুপুরে ভয়াবহ আগুন লাগে। এই ঘটনায় ১ জন আহত হয়েছেন, তাঁকে বিদ্যাসাগর হাসপাতালে ভর্তি করা হয়েছে। প্রায় ৮৫-টি ঝুপড়ি

ভষ্মীভূত হয়েছে বলে দমকল সূত্রের খবর। ৯-টি ইঞ্জিন আগুন নেভানোর কাজ করে। এর জেরে বেশকিছুক্ষণ ট্রেন চলাচল ব্যাহত হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প প্রবেশ করায় রাজ্যজুড়ে ঝড় বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। উত্তরবঙ্গের জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় আজ ভারী বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। মালদা উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং দার্জিলিং জেলাতেও ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া এবং বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা।

দক্ষিণবঙ্গের বীরভূম, মুর্শিদাবাদ, নদীয়া, পূর্ব ও পশ্চিম বর্ধমান এবং পুরুলিয়া জেলায় আজ ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে দমকা হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে। আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট – অন্বেষা)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

হায়দ্রাবাদের গাছিবোলি ষ্টেডিয়ামে আগামীকাল আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং, স্পোর্টিং দিল্লির বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে বিকেল পাঁচটায়। মহামেডান স্পোর্টিং ৯ ম্যাচে দু পয়েন্ট নিয়ে লিগ তালিকার সর্বশেষ ১৪ তম স্থানে রয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০